



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



নম্বর : ৪৬.৪২.১৯০০.০০০.২৭.০২২.১৫.১৮২৪

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৯
১৩ ডিসেম্বর ২০২২


বিষয় : কুমিল্লা জেলা পরিষদ কর্তৃক দেবিদ্বার উপজেলা সদরে সুপার মার্কেট নির্মাণ।

সূত্র : জেলা পরিষদ, কুমিল্লা এর স্মারক ৪৬.২০.৪৬.০০.০০২.৯৯.১৮.৭১৭.৫২৪, তারিখ: ১১ আগস্ট ২০২২।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার দেবিদ্বার উপজেলা সদরে সেলামীর মাধ্যমে মার্কেট নির্মাণ সংক্রান্ত সংশোধিত প্রাক্কলন যাচাই এর জন্য এলজিইডিতে প্রেরণ করা হয়। এলজিইডি হতে জানানো হয়, বর্তমানে মার্কেটের অর্ধেক অংশ Basement এবং Ground Floor RCC Slab-সহ দুইতলা মার্কেট নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। মূল ডিজাইনে তিনতলাবিশিষ্ট মার্কেট নির্মাণের প্রস্তাব ছিল। ডিজাইনে পরিবর্তন ঘটানোর কারণে মার্কেটটির আরেকতলা নির্মাণের যে সুযোগ ছিল, তা বর্তমানে আর সম্ভব হবে না। তবে যেহেতু পূর্ত কাজ সম্পূর্ণরূপে শেষ হয়েছে, তাই মার্কেটটি চালু করার স্বার্থে সংশোধিত প্রাক্কলন অনুমোদন দেয়া যেতে পারে।

২। কিন্তু, সূত্রস্থ স্মারকে জেলা পরিষদ, কুমিল্লা হতে অবহিত করা হয়েছে, সংশ্লিষ্ট ঠিকাদার নিজস্ব এখতিয়ারে মার্কেটটিতে Basement নির্মাণ করে। উক্ত Basement নির্মাণ কাজে জেলা পরিষদকে অবহিত করা হয়নি। পরিবর্তিত ডিজাইন অনুমোদনের জন্য জেলা পরিষদ, কুমিল্লা হতে থেকে কোন প্রস্তাব প্রেরণ করা হয়নি। এছাড়া, পরিবর্তিত ডিজাইন অনুযায়ী Basement এর স্ট্রাকচার ভারবহন ক্ষমতা কোন পরীক্ষা করা হয়নি। এলজিইডি'র পত্র এবং কুমিল্লা জেলা পরিষদের বক্তব্যে প্রতীয়মান হয় যে, পরিবর্তিত ডিজাইন ও প্রাক্কলন এ বিভাগ কর্তৃক অনুমোদনের পূর্বেই পরিবর্তিত ডিজাইন অনুযায়ী মার্কেট নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। এটি কোন ক্রমেই সমীচীন হয়নি এবং জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তার দায় রয়েছে।

৩। এমতাবস্থায়, পরিবর্তিত ডিজাইন ও সংশোধিত প্রাক্কলন এ বিভাগ কর্তৃক অনুমোদনের পূর্বেই উক্ত মার্কেট নির্মাণ কাজ সম্পন্ন হওয়ার বিষয়ে ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। পাশাপাশি, মার্কেটটি নির্মাণ বাবদ কী পরিমাণ অর্থ জেলা পরিষদ হতে ঠিকাদারের অনুকূলে পরিশোধ করা হয়েছে, এ সম্পর্কিত তথ্য প্রদানের জন্যও অনুরোধ করা হলো। এছাড়া, উক্ত মার্কেট নির্মাণ কাজের পরিবর্তিত ডিজাইন, Basement এর স্ট্রাকচার ভারবহন ক্ষমতা পরীক্ষার প্রমাণকসহ পুনরায় সংশোধিত প্রাক্কলন প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


এস এম নজরুল ইসলাম
উপসচিব

ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, কুমিল্লা

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. গোপ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।